



পুনরুত্থান সংখ্যা-২০০৮

the Resurrection and the Life)। বর্তমান হতাশা ও

নিরাশার জগতে খ্রীষ্টের পুনরুত্থান আমাদের মনে প্রাণে আশার সংঘার করে। পুনরুত্থানের আনন্দ সার্বজনীন এবং এ আনন্দ আমরা একে অন্যের সাথে সহভাগিতা করি, সবার মাঝে শুভবার্তা ছড়িয়ে দেই। যীশুর শিষ্যরা পুনরুত্থানের ঘটনা শোনা মাত্র আনন্দ নিজেদের মধ্যে ধরে রাখতে পারেনি, দৌড়ে গিয়ে অন্যের সাথে সহভাগিতা করেছে। কবর যীশুকে ধরে রাখতে পারেনি।

তাই গানের সুরে খ্রীষ্ট বিশ্বাসীরা তাদের অন্তরের কণ্ঠ্য বলে--

কবর তোমাকে বেঁধে রাখতে পারেনি
মৃত্যু তোমাকে ধ্বংস করতে পারেনি।
ওহে খ্রীষ্ট প্রভু, জীবন দিয়ে
গেয়ে গেলে তুমি নব জীবনের গান
দিলে আমাদের নব জীবনের
সন্ধান।।...

যীশু সমস্ত জরা-জীর্ণতাকে জয় করেছেন। যীশু মৃত্যুকে জয় করেছেন। শিষ্যদের মনে আর ভয় নেই, হতাশা নেই, আছে শুধু শান্তি ও আনন্দ উচ্ছ্বাস। যীশু সবার অন্তরে শান্তি এনে দিয়ে বলেছেন, 'তোমাদের শান্তি হোক'। আমাদের এই আধ্যাত্মিক জীবনের শান্তি, আনন্দ ও ভালবাসা পরস্পর পরস্পরের জীবনের সাথে সহভাগিতা করে প্রেম ও ভালবাসার জীবন যাপন করতে পারি।

পুনরুত্থানের রহস্য (Paschal Mystery) আমাদের জীবনের আধ্যাত্মিক আনন্দ, শান্তি লাভের বিশেষ মুহূর্ত বা ঘটনা। জীবন যখন আঘাতের পর আঘাত অবসন্ন, চূর্ণ-বিচূর্ণ, ভঙ্গুর, তিক্ততায় নিঃশেষ তখনই আমাদের জীবনে ক্রুশের মুহূর্ত। প্রভু যীশুর জীবনেও তা আমরা উপলব্ধি করছি ও ধ্যানের আধ্যাত্মিক চেতনায় ক্রুশের মুহূর্তগুলিতে তাঁর দিকে ডাকিয়ে, অন্তরে আরও তাঁর কাছের মানুষ হয়ে পুনরুত্থানের রহস্য অনুভব করতে পারি। জগত এ আনন্দ দিতে পারে না, পারে শুধু প্রভু যীশুই। এবারের পুনরুত্থানের আনন্দ ও শান্তি সবার জীবনকে আশার আলোতে ভরিয়ে তুলুক যেন আগামী দিনে সুখী ও পবিত্র হয়ে আনন্দ নিয়ে জীবনের যাত্রাপথে পা বাড়াই।



অন্য এক ব্যক্তি

(৮ পৃ: পর)

খেতে যাবার প্রস্তুতি নিচ্ছেন। আমাদের দেখেই হাসিমুখে কুশলাদি ও দেখা করার কারণ জানতে চাইলেন। আমিও দ্বিধা না করে নির্ভয়ে আমার সমস্যা উল্লেখ করা মাত্রই খুব সহজভাবেই তার সিদ্ধান্ত দিয়ে দিলেন। আমি কৃতজ্ঞতা ভরা অন্তরে এবং শান্তিপূর্ণ মন নিয়ে ফিরে আসলাম। বিভিন্ন পালকীয় কাজে, সভা-সমিতি পরিচালনায়ও তিনি ছিলেন সিদ্ধহস্ত। তিনি ছিলে স্পষ্টভাষী অথচ নির্ভীক। তাইতো অযথা কাউকে কিছু দিতেন না। নিজের পায়ে দাঁড়াতে উৎসাহিত করতেন এবং পরামর্শ দিতেন। পালকীয় সেবা কাজে নেতৃত্বদানে তিনি কখনও ভুল করেছেন বলে মনে হয় না।



এতবড় কঠিন দায়িত্ব পালনের পাশাপাশি তিনি বাগান করতে, পশু-পাখীর যত্ন নিতে ভালবাসতেন। তাইতো আর্চবিশপ ভবনে গেলে দেখা যেতো তিনি নিজ হাতে ফুল ফল ও সবজীর গাছ বুনতেন। অসীম দয়ায় পরিপূর্ণ আর্চবিশপকে দেখেছি কোন দুর্যোগ-দুর্ভিক্ষে সবার আগে সাহায্যের হাত প্রসারিত করতে। সত্যিই অতুলনীয় তার স্নেহ-মমতা ও ভালবাসা। তিনি ছিলেন আধ্যাত্মিকতায় পরিপূর্ণ মানুষ।

তাঁর বক্তব্য হতো স্পষ্ট, সহজ সরল এবং সবার বোধগম্য। তাঁর ভাষা বুঝতে পারেননি বলে কেউ কোনদিন অভিযোগ করেননি। কোন খাবারও তাঁর কোন অনীহা ছিল না। যেখানেই যেতেন -যা পরিবেশন করা হতো তাই তৃপ্তি নিয়ে খেতেন-কোন অভিযোগ করতেন না।

অবসর যাপনে আধ্যাত্মিক পরামর্শ দানে আর্চবিশপ মাইকেল ৪ ২০০৫ খ্রীষ্টাব্দের ৯ জুলাই পুণ্যপিতা ষোড়শ বেনেডিক্ট তাঁকে কর্মজীবন থেকে অব্যাহতি দেন। অবসর সময়ে তিনি তেজগাঁও ধর্মপন্থীতে বসবাস করেন। এই সময় তিনি কঠিন রোগে বেশী ভাগ সময় শয্যাশায়ী থাকলেও অনেকে তাঁকে দেখতে ও তাঁর কাছ থেকে আধ্যাত্মিক পরামর্শ নিতে আসতেন। অসুস্থ থাকলে তাঁর কুশলাদি জানতে চাইলে হাসিমুখে 'খুব ভাল আছি' বলে জানাতেন। কখনই তার খারাপ লাগাটা সহজে কেউ বুঝতে পারিনি। সত্যিই এক অনন্য ব্যক্তি তিনি। অসীম ধৈর্য ও সাহসী মনোভাব নিয়েই মৃত্যুর সঙ্গে লড়াই করে আর টিকে থাকতে পারেননি। মৃত্যুর জয় হলো আর তাই ১৮ জানুয়ারী, ২০০৭ খ্রীষ্টাব্দ পিতার ডাকে সাড়া দিয়ে তিনি অনন্তধামে পাড়ি জমিয়েছেন। তিনি ছিলেন এক আদর্শ মানুষ, শ্রদ্ধার মানুষ। তিনি নেই-কিন্তু রয়ে গেছে তাঁর আদর্শ তাঁর ভালবাসা তাঁর পরামর্শ। তাই হোক আমাদের জীবনের অমূল্য পাথর।

Novena For 9 Days

With Loving

Thanks to St. Jude

May the Sacred Heart of Jesus be adored, glorified and loved through out the world now and forever.

Sacred heart of Jesus : pray for us.

Sacred heart of Jesus : have mercy on us.

Helper of the hopeless : have mercy on us.